

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ১৪. শিশু হত্যার মহাসুখ ও মহা আশীর্বাদ

শিশুদের হত্যা করা বিশেষ সুখ ও আশীর্বাদের বিষয় বলে বাইবেল উল্লেখ করেছে। গীতসংহিতার ১৩৭ গীতের ৯ শ্লোকটা ইংরেজিতে নিম্নরূপ: "Happy shall he be, that taketh and dasheth thy little ones against the stones": "ভাগ্যবান, সুখী, খুশি বা তৃপ্ত সে ব্যক্তি যে তোমার শিশুসন্তানদেরকে নিয়ে পাথরের উপর আছড়ায়।" বিভিন্ন ইংরেজি সংস্করণে 'Happy' শব্দটার পরিবর্তে 'Blessed' শব্দটা ব্যবহার করা হয়েছে। শব্দটার অর্থ রহমতপ্রাপ্ত, বরকতপ্রাপ্ত, বরকতময়, সুখী বা সৌভাগ্যবান। বাংলা কেরির অনুবাদ: "ধন্য সেই, যে তোমার শিশুগণকে ধরে, আর শৈলের উপর আছড়ায়।" কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "মোবারক সেই লোক যে তোমার শিশুদের ধরে পাথরের উপর আছড়াবে।"

সুপ্রিয় পাঠক, আপনার কোনো খ্রিষ্টান বন্ধু থাকলে তাকে জিজ্ঞাসা করুন, তার নিজের শিশুকে যদি এভাবে পাথরের উপরে আছড়ানো হয় তাহলে তিনি কী পরিমাণ সুখ ও তৃপ্তি বোধ করবেন? অন্য কারো শিশুকে ধরে এভাবে পাথরে আছড়ে মারতে তিনি কী পরিমাণ সুখ ও তৃপ্তি বোধ করবেন? তিনি কি এ কর্মটা পালন করে বাইবেল নির্দেশিত বরকত ও সৌভাগ্য গ্রহণের জন্য প্রস্তুত আছেন?

পাঠক, আরো দেখুন যিশাইয় ১৩/১৬ এবং হোশেয় ১৩/১৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14559

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন